

খুবির ভর্তি পরীক্ষা
১১ ও ১২ ডিসেম্বর

■ খুলনা অফিস

আগামী ১১ ও ১২ ডিসেম্বর খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা গ্রহণের জন্য খুলনা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মূল কেন্দ্র এবং কেসিসি উইমেস কলেজ উপ-কেন্দ্রে আসন বিন্যাস সম্পন্ন হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয় মূল কেন্দ্রে রোল নম্বর- ০০০১ থেকে ৪৩০০ পর্যন্ত এবং কেসিসি উইমেস কলেজ উপ-কেন্দ্রে রোল নম্বর- ৪৩০১ থেকে ৬১৬৫ পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তির আসন বিন্যাস সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.ku.ac.bd) পাওয়া যাবে।